



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা : আতির পিতা বঙবনু শেখ মুজিবুর রহমান]  
দীনী দাওয়াত ও সৎকৃতি বিভাগ  
বায়তুল মুকাররম, ঢাকা-১০০০।

## বিসমিল্লাহির রাহমানির রাহীম

### ১৪৪১ হিজরি সালের শাওয়াল মাসের চাঁদ দেখার ঘোষণা পত্র।

প্রিয় দেশবাসী,

আস্সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

ইসলামিক ফাউন্ডেশন বাযতুল মোকাররম জাতীয় মসজিদে অদ্য ১৪৪১ হিজরি সালের পবিত্র শাওয়াল মাসের জন্য জাতীয় চাঁদ দেখা কমিটির সভা অনুষ্ঠিত হয়।

০২। সভায় সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, অদ্য ২৯ রমযান ১৪৪১ হিজরি, ০৯ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ, ২৩ মে ২০২০ খ্রিস্টাব্দ শনিবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে কোথাও শাওয়াল মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি।

০৩। আগামী কাল ১০ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ, ২৪ মে ২০২০ খ্রিস্টাব্দ রবিবার রমযান মাস ৩০ দিন পূর্ণ হবে। আগামী ১১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ, ২৫ মে ২০২০ সোমবার থেকে ১৪৪১ সালের পবিত্র শাওয়াল মাস গণনা শুরু হবে।

০৪। এ পরিপ্রেক্ষিতে, ০১ শাওয়াল ১৪৪১ হিজরি, ১১ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ, ২৫ মে ২০২০ খ্রি। সোমবার সারা দেশে পবিত্র ঈদুল ফিতর উদ্ধাপিত হবে, ইনশা আল্লাহ।

০৫। দীর্ঘ এক মাস সিয়াম পালন শেষে মহান আল্লাহ রাকুল আলামীন যেন আমাদেকে করোনা ও অন্যান্য মহামারী থেকে পরিত্রান করেন। আমিন।

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে আমি দেশবাসীকে জানাই অগ্রিম ঈদ মোবারক। আল্লাহ হাফেজ।

৬৫/৮২৫  
(মোঃ নূরুল ইসলাম)  
সচিব

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ও  
সহ-সভাপতি  
জাতীয় চাঁদ দেখা কমিটি